# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ সচিবালয়

**রপ্তানি উন্নয়ন ব্যুরো**

টিসিবি ভবন, ১, কাওরান বাজার
ঢাকা-১২১৫।
www.epb.gov.bd
Facebook: Dhaka International Trade Fair-EPB

| দরপত্র দাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি |
|---|

**বিষয়ঃ** **রয়্যালটি প্রদানের মাধ্যমে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ প্রাঙ্গণে প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ, শোভায়ন ও পরিচালনা সংক্রান্ত দরপত্র শিডিউল (প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নং-০৪ দ্রষ্টব্য)।**

| | |
|---|---|
| ১। দরপত্র আহবানের উদ্দেশ্যঃ | ঢাকার শের-ই-বাংলা নগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শ্বস্থ জায়গায় আগামী ০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ সময়ে অনুষ্ঠেয় ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ প্রাঙ্গণে আগমন ও নির্গমনের জন্য প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ করণ।<br>***** বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে ধরে এমন প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ করতে হবে।** |
| ২। কাজের নামঃ | ডিআইটিএফ-২০১৯ এর মেলা প্রাঙ্গণের প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ, শোভায়ন, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ। |
| ৩। কাজের অর্থায়ন পদ্ধতি ও পরিমানঃ | স্পন্সর সংগ্রহের মাধ্যমে ইপিবি'কে নিম্নোক্ত হারে রয়্যালটি প্রদান সাপেক্ষে প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ করতে হবে। |
| ৪। সর্বনিম্ন মূল্য (Floor Rate): | **টাঃ ১০,০০,০০০/- (টাকা দশ লক্ষ)** ( ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) । |
| ৫। দরপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) : | টাঃ ৩,৭৫০/- (টাকা তিন হাজার সাতশত পঞ্চাশ) মাত্র (অফেরৎযোগ্য)। **''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল''** শিরোনামে ব্র্যাক ব্যাংক লিঃ, নির্ধারিত একাউন্টে যে কোন শাখায় জমা দিয়ে ডিপোজিট স্লিপের কপিসহ দরপত্রের/আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে (অনলাইন আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে)। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ৬। দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়ঃ<br>দরপত্র দাখিলের স্থানসমূহঃ | ২৩/১০/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত।<br>**(ক)** অর্থ ও হিসাব শাখা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা), **(খ)** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা-এর অফিস কক্ষ (১ম ১২ তলা সরকারি ভবন, তৃতীয় তলা, কক্ষ নং-৩০৩, সেগুন বাগিচা, ঢাকা) এবং **(গ)** বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং-৩, কক্ষ নং-১২৬-গ, দ্বিতীয় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এ রক্ষিত টেন্ডার বাক্স। এছাড়া ই-মেইলঃ secy@epb.gov.bd আবেদনপত্র/ দরপত্র দাখিল করা যাবে। |
| ৭। দরপত্র খোলার তারিখ, সময় ও স্থানঃ | ২৩/১০/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ০৪.৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স রুম (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা), (দরপত্রদাতাদের সম্মুখে যদি কেহ উপস্থিত থাকেন)। |
| ৮। মেলার মেয়াদ কালঃ | **০৯ জানুয়ারি হতে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ পর্যন্ত।** |

৯। ইজারা গ্রহণে আগ্রহী দরপত্র দাতা প্রতিষ্ঠান/সংস্থার নাম ও ঠিকানা (টেলিফোন ও ফ্যাক্স নম্বরসহ) :

১০। (ক) দরপত্রের সাথে যে সকল কাগজপত্র/ডকুমেন্টস দাখিল করতে হবে

হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, ২০১৭-১৮ কর বছরের আয়কর মামলার নিষ্পত্তির সনদপত্র, ব্যাংক স্বচ্ছলতার হালনাগাদ সনদপত্র-এর সত্যায়িত কপি, মেলা তহবিলে সকল অর্থ জমার সমর্থনে (যেমনঃ প্রসেসিং ফি, উদ্ধৃত মূল্য ইত্যাদি) ডিপোজিট স্লিপের কপি, দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য কাগজপত্র।

(খ) দাখিলকৃত কাগজপত্র/ডকুমেন্টস এর তালিকাঃ

১১। পূর্ব অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)।

১২। উদ্ধৃত রয়্যালটি মূল্য (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) টাঃ কথায়ঃ

<u>(বিঃদ্রঃ-</u> আলোচ্য কাজের রয়্যালটির সর্বনিম্ন মূল্য **<u>(Floor Rate)</u>** হবে **টাঃ ১০,০০,০০০/- (টাকা দশ লক্ষ)** মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত), উক্ত মূল্যের কমে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩। **<u>রয়্যালটির (উদ্ধৃত মূল্য) মূল্য অগ্রিম পরিশোধঃ</u>**

**(উদ্ধৃত মূল্যের (Quoted Value) সমুদয় অর্থ (ভ্যাট, ট্যাক্স, সিটি কর্পোরেশন ট্যাক্স ব্যতীত) দরপত্র দাখিলের পূর্বেই ''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' শিরোনামে ব্র্যাক ব্যাংক, যে কোন শাখায় একাউন্ট নং ১৫০১১০২৪৮৫১০৩০০১ এ জমা করে জমাদানের মূল ডিপোজিট স্লিপ দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন লাইন আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে (ডিপোজিট স্লিপ অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠান অথবা ফার্মের নামে হতে হবে))।**

(ক) অংকে টাঃ

(খ) কথায় টাঃ

(গ) ব্যাংকের নাম ও শাখা

(ঘ) ব্যাংক ডিপোজিট স্লিপের স্ক্রল নং

দরপত্র দাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহর

## ১৪। দরদাতা কর্তৃক অবশ্য পালনীয় শর্তাবলীঃ

(১) দরপত্রের সাথে উদ্ধৃত মূল্যের **(Quoted Value)** সমুদয় অর্থ **''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)''** শিরোনামে **ব্র্যাক ব্যাংক, যে কোন শাখায়, হিসাব নং-১৫০১১০২৪৮৫১০৩০০১** এ জমা করে ডিপোজিট স্লিপ এর কপি সংযুক্ত করতে হবে। আলোচ্য কাজের জন্য স্বনামধন্য প্রতিষ্ঠান কর্তৃক ই-মেইলঃ secy@epb.gov.bd দরপত্র দাখিল করতে হবে; তবে হার্ড কপি গ্রহণযোগ্য।

(২) আলোচ্য কাজের জন্য স্বনামধন্য, প্রতিষ্ঠিত ও রেজিস্টার্ড কোম্পানীকে সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে;

(৩) প্রধান প্রবেশ গেটের ডিজাইন/মডেল **বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে ধরে এমন প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ করতে হবে।** তবে ডিআইটিএফ-২০১৯ কর্তৃপক্ষ চূড়ান্ত নকশা অনুমোদন করবেন।

(৪) দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে প্রবেশ দ্বার (Main Entrance Gate) এক বা একাধিক ছবি, ডিজাইন, মডেল, নির্মাণ উপকরণ ও নির্মাণ শৈলী উল্লেখপূর্বক পৃথকভাবে স্বাক্ষর সহকারে স্ক্যান করে দাখিল করতে হবে। অনুমোদিত প্রতিষ্ঠানকে প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) এর ডিজাইন/মডেল 3-D (থ্রী-ডি)/Replica দরপত্র খোলার তারিখ হতে ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে দাখিল করতে হবে;

(৫) ডিআইটিএফ-২০১৯ প্রাঙ্গণের প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ ও শোভায়নের জন্য মনোনীত প্রতিষ্ঠান কোনক্রমেই মেলার অভ্যন্তরে, সম্মুখে অথবা চারপার্শ্বে নিয়ন সাইন, বিল বোর্ড অথবা কোন ধরণের প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা এবং বিজ্ঞাপন স্থাপন করতে পারবে না। এ বিষয়ে আইন শৃঙ্খলা বাহিনী ও ব্যুরোর কর্মকর্তা তদারকী করবেন ;

(৬) মনোনীত প্রতিষ্ঠান মেলা চলাকালীন সময়ে নির্মাণকৃত প্রবেশ দ্বার (Main Entrance Gate) সার্বক্ষণিকভাবে রক্ষণাবেক্ষণের জন্য নিজ খরচে যাবতীয় উপকরণ এবং প্রয়োজনীয় সংখ্যক কারিগরী জ্ঞানসম্পন্ন লোকবল নিয়োজিত রাখবেন;

(৭) ডিআইটিএফ-২০১৯ মেলা প্রাঙ্গণে বর্ণিত প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ ও শোভায়নের কাজ মেলা উদ্বোধনের কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে সম্পন্ন করতে হবে;

(৮) ডিআইটিএফ-২০১৯ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে মেলা শেষ না হওয়া পর্যন্ত প্রবেশ দ্বার (Main Entrance Gate) কার্যক্রম অব্যাহত রাখতে হবে ;

(৯) মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রধান প্রবেশ গেট এর স্থাপত্য নকশা, ডিজাইন ও মডেল অনুযায়ী ডিআইটিএফ-২০১৯ এর উদ্বোধনের কমপক্ষে ৭(সাত) দিন পূর্বে অবশ্যই প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ, স্থাপন ও শোভায়ন কাজ সম্পন্নপূর্বক একটি মহড়া/প্রদর্শনীর আয়োজন করতে হবে ;

(১০) মেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিকভাবে কার্যাদেশ জারীর ৭(সাত) দিনের মধ্যে নির্বাচিত প্রতিষ্ঠান/সংস্থা উদ্ধৃত দরের অর্থ ছাড়াও [১৫%ভ্যাট বাবদ + ৫% কর বাবদ+ প্রযোজ্য অন্যান্য কর (যদি থাকে)] **''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' ("DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND")** শিরোনামে **ব্র্যাক ব্যাংক, যে কোন শাখায় হিসাব নং-১৫০১১০২৪৮৫১০৩০০১** এ জমা করে ডিপোজিট স্লিপ এর কপি সংযুক্ত করতে হবে। অন্যথায় চূড়ান্তভাবে কার্যাদেশ প্রদান করা হবে না এবং দরপত্রের সহিত জমাকৃত নিরাপত্তা জামানতের অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(১১) মেলার মেয়াদ কাল বর্ধিত করা হলে মনোনীত প্রতিষ্ঠান সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত ভাড়া পরিশোধপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনা করতে পারবে। তবে এক্ষেত্রে মেলা কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে;

(১২) নির্বাচিত সংস্থা/প্রতিষ্ঠানকে মেলা কর্তৃপক্ষের সাথে এতদসংক্রান্ত শর্তাবলী সম্বলিত টাঃ ৩০০/- (টাকা তিনশত) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে ;

(১৩) ইতোপূর্বে ইপিবি ও ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার কোন কাজে অযোগ্য ঘোষিত হয়ে থাকলে অথবা অভিযোগ আছে - এমন সংস্থা/প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না ;

(১৪) দরদাতা/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে মেলা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশনা পরিপালন/অনুসরণ করতে হবে।

(১৫) ব্যুরো কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে নির্বাচিত ডিজাইন/মডেল দরদাতাকে ফেরৎ দেয়া হবে না। কাজের সুবিধার্থে একই আকৃতির মডেল/ডিজাইন দরদাতা কর্তৃক প্রস্তুতপূর্বক সংরক্ষণ করতে হবে;

(১৬) প্রধান প্রবেশ দ্বারের (Main Entrance Gate) মডেল, ডিজাইন, নির্মাণ কৌশল, উপকরণ ও 3D Projection এবং ব্যবহৃত উপাদানের নমুনা দাখিল করা বাধ্যতামূলক;

(১৭) অনিবার্য কোন কারণে (যেমনঃ প্রাকৃতিক দৈব দুর্বিপাক, সরকারি সিদ্ধান্ত, হরতাল, মহামারী অথবা রাজনৈতিক অস্থিরতা) মেলা স্থগিত বা বন্ধ ঘোষণা করা হলে মেলা তহবিলে জমাকৃত কোন অর্থ দরদাতাকে ফেরৎ প্রদান, পূর্ণর্ভরণ বা সমন্বয় করা যাবেনা;

(১৮) ডিআইটিএফ-২০১৯ এর ইজারা প্রাপ্ত প্রতিষ্ঠান কোন ক্রমেই ইজারা কার্যক্রম অন্যের নিকট হস্তান্তর বা Power of Attorney প্রদানপূর্বক এতদসংক্রান্ত কার্যক্রম পরিচালনার ক্ষমতা/দায়িত্ব প্রদান করতে পারবে না। এ ধরণের কোন কার্যক্রমের প্রমাণ পাওয়া গেলে কার্যাদেশ/ইজারা চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে এবং সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(১৯) দরপত্রের বিজ্ঞপ্তি ও দরপত্রের শিডিউলে বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জরিমানা আরোপ, ভবিষ্যতে অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহনের জন্য অযোগ্য ঘোষণা, কালো তালিকাভুক্ত সহ অন্যান্য শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(২০) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহণকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০১৯ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহন করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান বা প্রতিষ্ঠান সমূহের নামে মেলায় প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ, শোভায়ন ও পরিচালনা সংক্রান্ত কাজ বরাদ্দ করা হবে না;

(২১) প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) সঠিকভাবে স্থাপন/নির্মাণ করার প্রয়োজনে উপযুক্ত ফাউন্ডেশনসহ স্টীল কলাম স্থাপন করতে হবে;

(২২) ডিজাইন অনুযায়ী সম্মুখ, নির্দিষ্ট রংয়ের উপকরণ ও লাইট সংযোগ এবং স্থাপন করতে হবে;

(২৩) প্রবেশ দ্বারের (Main Entrance Gate) ভিতর দিয়ে মেলায় প্রবেশ পথ ৪র্ স্টিলের পাইপ দ্বারা রেলিং তৈরী এবং গেইটের গ্রাউন্ড উন্নতমানের সিরামিক ইট দ্বারা তৈরী করতে হবে;

(২৪) সৌন্দর্য বর্ধনের স্বার্থে গেটের সম্মুখ ভাগে ও পিছনে উন্নতমানের পর্যাপ্ত পন্যান্টেশন রাখতে হবে;

(২৫) মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মডেল ও ডিজাইনের কোন অংশই পরিবর্তন করা যাবে না;

(২৬) প্রধান প্রবেশ দ্বারের (Main Entrance Gate) উপরের অংশের বাইরের ও ভিতরের দুই পার্শ্বে বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানি উন্নয়ন ব্যুরো ও ডিআইটিএফ-২০১৯ এর মনোগ্রাম স্থাপন করতে হবে। এ ব্যাপারে ডিআইটিএফ-২০১৯ কর্তৃপক্ষের পরামর্শ ও নির্দেশনা মোতাবেক উক্ত কাজ সম্পন্ন করতে হবে;

(২৭) প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) দিয়ে প্রবেশের লক্ষ্যে প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) সংলগ্ন/সংশ্লিষ্ট সিঁড়ি মেলা কর্তৃপক্ষের নির্দেশনা ও পরামর্শ মোতাবেক তৈরী করতে হবে;

(২৮) প্রবেশ দ্বার (Main Entrance Gate) সংলগ্ন সিঁড়ি নির্মাণে উন্নতমানের নির্মাণ সামগ্রী যেমনঃ উন্নতমানের সিমেন্ট, বালু, ইট, টাইল্স্ ব্যবহার করতে হবে;

(২৯) প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) এর নির্ধারিত স্থানে সৌজন্যকারি (Sponsor) সংস্থা/প্রতিষ্ঠানের নাম লিপিবদ্ধ করা যাবে। সৌজন্যকারি (Sponsor) প্রতিষ্ঠানের নাম লিখিত বর্ণমালা ডিআইটিএফ-২০১৯ এর লোগো এর ১/৪ (এক চতুর্থাংশ) অংশে আনুপাতিক হারে লিপিবদ্ধ করতে হবে, অবশিষ্ট ৩/৪ (তিন চতুর্থাংশ)অংশ খালি থাকিবে;

(৩০) অনুমোদিত ডিজাইন-এ মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত শর্ত ও স্থানে স্পন্সরের জন্য সৌজন্য লিখন লিপিবদ্ধ করতে হবে;

(৩১) সৌজন্য লিখনের ভাষা ইংরেজীতে Main Entrance Gate By Courtesy: (Name of the Sponsoring Organization) এবং বাংলায় ‘‘প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) (স্পন্সরকারী প্রতিষ্ঠানের নাম) এর সৌজন্যে নির্মিত’’ কথায় লিপিবদ্ধ করতে হবে ;

(৩২) সৌজন্য লিখনের ভাষা ইংরেজীতে Main Entrance Gate, Courtesy By: (Name of the Sponsoring Organization/Firm) এবং বাংলায় ‘‘প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) t সৌজন্যকারি সংস্থা/প্রতিষ্ঠানের নাম) এর সৌজন্যে নির্মিত’’ কথা লিপিবদ্ধ করা যাবে। নির্ধারিত স্থান ব্যতীত অন্য কোন স্থানে সৌজন্যকারী সংস্থা/প্রতিষ্ঠানের নাম কোন ব্যবহার করা যাবে না;

(৩৩) প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) সংলগ্ন এলাকায় অন্য কোনরূপ বিজ্ঞাপন, বিল বোর্ড, ব্যানার ইত্যাদি স্থাপন করা যাবে না ;

(৩৪) প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ, স্থাপন ও শোভায়নে কোন প্রকার ত্রুটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে তা আপনার প্রতিষ্ঠানের খরচে মেরামত অথবা পরিবর্তন করতে হবে। এ লক্ষে টেকনিশিয়ান নিয়োজিতসহ প্রয়োজনীয় নির্মাণ সামগ্রী মেলা প্রাঙ্গণে সংরক্ষণ করতে হবে;

(৩৫) প্রধান প্রবেশ দ্বারে (Main Entrance Gate) সিঁড়ি দিয়ে হুইল চেয়ারে করে মেলায় প্রবেশের ব্যবস্থা রাখতে হবে;

(৩৬) অনুমোদিত ডিজাইন ও উপকরণ দ্বারা প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মিত হয়েছে-এ এই মর্মে রপ্তানি উন্নয়ন ব্যুরোর মেলা সচিবালয় কর্তৃক মনোনীত প্রতিনিধিবৃন্দের প্রত্যয়ন গ্রহণ করতে হবে;

(৩৭) অনুমোদিত ডিজাইন অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ ও শোভায়ন কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে মেলা কর্তৃপক্ষ জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা ছাড়াও অন্যান্য আইনানুগ ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করবে ;

(৩৮) প্রবেশ টিকিট বিক্রির জন্য মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচিত ইজারাদার, গণপূর্ত অধিদপ্তর এবং বাণিজ্য মেলা কর্তৃপক্ষর সাথে সমন্বয় রক্ষাপূর্বক শুধুমাত্র প্রবেশ দ্বার (Main Entrance Gate) নির্মাণ ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করতে হবে। প্রবেশ টিকেট ইজারাদার কর্তৃক প্রবেশ দ্বার (Main Entrance Gate) পরিচালনায় কোন প্রকার প্রতিবন্ধকতা বা সমস্যা যাতে সৃষ্টি না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় সর্তকতা অবলম্বন করতে হবে ;

(৩৯) মেলার শৃঙ্খলা, সৌন্দর্য ও মর্যাদা বজায় রাখার স্বার্থে মেলা চলাকালীন সময়ে ডিআইটিএফ-২০১৯ কর্তৃপক্ষের সকল পরামর্শ/নির্দেশনা/সার্কুলার যথাযথভাবে অনুসরণ করতে হবে ;

(৪০) প্রয়োজন হলে মেলা কর্তৃপক্ষ ডিআইটিএফ এর এ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান বা অন্য কোন কর্তৃপক্ষ বা বিভাগের মাধ্যমে অথবা অন্য কোন উপায়ে সম্পাদন করাতে পারবেন ;

(৪১) মেলার যে কোন কাজের বা যে কোন বরাদ্দের মোট ফ্লোর মূল্য বা মোট বরাদ্দমূল্য ৩১(একত্রিশ) দিনের জন্য প্রযোজ্য বলে গণ্য করতে হবে।

(৪২) এ কাজের বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী অথবা স্বত্বাধিকারী মেলা কর্তৃপক্ষের সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করলে ব্যুরোর ভাইস চেয়ারম্যান তাদের বিরুদ্ধে মামলা দায়ের/আইনানুগ ব্যবস্থাসহ সে সকল প্রতিষ্ঠানকে ডিআইটিএফ এ অংশ গ্রহনের অযোগ্য ঘোষণা করতে পারবেন;

(৪৩) এ কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলায় উহার সকল প্রকার কার্যক্রম তাৎক্ষণিকভাবে বন্ধ করা যাবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে। এছাড়া এ সকল ক্ষেত্রে পরবর্তী সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান এর অনুকূলে সংশ্লিষ্ট কাজের কার্যাদেশ/বরাদ্দ দেয়া যাবে।

(৪৪) মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে মেলা মাঠের মাস্টার প্ল্যান যে কোন সময় পরিবর্তন/সংশোধন করতে পারবে।

(৪৫) এ কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে তাদের অনুকূলে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ান্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে উহাদের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে তাদের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(৪৬) ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ ডিআইটিএফ এর ওয়েবসাইট থেকে ডিপোজিট স্লিপের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক উহার মাধ্যমে ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না।

(৪৭) মেলায় অংশ গ্রহণের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট সিস্নপে আবেদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে তা গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না;

(৪৮) **হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত** প্রতিটি দরপত্রের খামের উপর দরপত্র বিজ্ঞপ্তিতে **উল্লিখিত কাজের ক্রমিক নম্বরসহ সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ/লিপিবদ্ধ করতে হবে। দরপত্রের আবেদনের প্রতি পাতার নিম্নাংশে সীলসহ স্বাক্ষর প্রদান করতে হবে।**

(৪৯) উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়া পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী প্রযোজ্যতা মোতাবেক দরপত্র দাখিলকারী/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন/অনুসরণ করতে হবে।

(৫০) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(৫১) ডিআইটিএফ-২০১৯ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

১৬। **দরদাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহরঃ**

আবু হেনা মোরশেদ জামান
(যুগ্ম সচিব)
সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
**পরিচালক**
২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ সচিবালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, PABX ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০, এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৯১১৯৫৩১,
ওয়েবসাইটঃ www.epb.gov.bd , ই-মেইলঃ secy@epb.gov.bd, Facebook: Dhaka International Trade Fair-EPB

*** বিঃ দ্রঃ প্রয়োজন বোধে স্বাক্ষরযুক্ত অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে। প্রতিটি উদ্ধৃত মূল্য অংকে এবং কথায় লিখতে হবে।**